আলমডাঙ্গায় রাষ্ট্রীয় শোকের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণ

আলমডাঙ্গায় রাষ্ট্রীয় শোকের মধ্যে বছরের প্রথম দিনে নতুন বই বিতরণ করা হয়েছে। রাষ্ট্রীয় শোক কর্মসূচির কারণে কোনো ধরনের আনুষ্ঠানিকতা ছাড়াই আলমডাঙ্গা উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শতভাগ শিক্ষার্থীর হাতে ২০২৬ সালের বিনামূল্যের নতুন পাঠ্যবই তুলে দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (১ জানুয়ারি) সকাল ১০টার দিকে আলমডাঙ্গা প্রাণকেন্দ্রে অবস্থিত মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত এ বই বিতরণ কর্মসূচিতে শত শত শিক্ষার্থীর হাতে বিনামূল্যে নতুন পাঠ্যবই তুলে দেওয়া হয়। পর্যায়ক্রমে কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বলরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, জগন্নাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, চর শ্রীরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং আসানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এ সময় সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসাররা নিজ নিজ ক্লাস্টারে বই বিতরণ কার্যক্রম তদারকি করেন।

নতুন বছরের প্রথম দিনেই নতুন বই হাতে পেয়ে শিক্ষার্থীদের মাঝে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। বিদ্যালয় প্রাঙ্গণজুড়ে দেখা যায় শিক্ষার্থীদের আনন্দ, উচ্ছ্বাস ও প্রাণচাঞ্চল্য। রঙিন মলাটের নতুন বই পেয়ে শিক্ষার্থীরা জানায়, বছরের শুরুতেই পাঠ্যবই পাওয়ায় তারা পড়াশোনায় আরও মনোযোগী ও আগ্রহী হয়ে উঠবে।

বই বিতরণ করেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। এ সময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) এ.এস.এম শাহনেওয়াজ মেহেদী, উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দিন, সহকারী শিক্ষা অফিসার রবিউল ইসলাম, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারিস উদ্দিন, আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দিন এটমসহ অন্যান্যরা।

উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার বলেন, নতুন পাঠ্যবই শিক্ষার্থীদের জ্ঞানার্জনের প্রথম ধাপ। নিয়মিত অধ্যয়ন ও নৈতিক

শিক্ষার মাধ্যমে নিজেদের আদর্শ ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানান তিনি।

এ সময় উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দিন শিক্ষার্থীদের নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে বলেন, সময়ের সঠিক ব্যবহার ও অধ্যবসায়ের মাধ্যমেই শিক্ষার্থীরা ভবিষ্যতে সাফল্য অর্জন করতে সক্ষম হবে।

এছাড়াও বিদ্যালয়ের সহকারী শিক্ষকসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকাগণ অনুষ্ঠানে উপস্থিত থেকে বই বিতরণ কার্যক্রমে সহযোগিতা করেন এবং শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেন।

বিদ্যালয় কর্তৃপক্ষ জানান, সরকারের নির্দেশনা ও জাতীয় শিক্ষাক্রম অনুযায়ী বছরের প্রথম দিনেই শিক্ষার্থীদের হাতে পাঠ্যবই পৌঁছে দেওয়ার লক্ষ্যে এ কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। এর ফলে শিক্ষা কার্যক্রম আরও গতিশীল ও কার্যকর হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বই বিতরণ অনুষ্ঠিত

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে বছরের প্রথম দিনেই বই বিতরণ উৎসব অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের ক্যাম্পাসে সকল শ্রনীর ছাত্র ছাত্রীদের হাতে প্রধান মন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই তুলে দিয়েছেন। যা একটি উৎসবে পরিনত হয়েছে।

বই বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুল ইসলাম। সঞ্চালনা করেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা সহ উপস্থিত ছিলেন কুতুব্বর স্কুল এন্ড কলেজের সকল সরকারি শিক্ষক ও প্রভাষক বৃন্দ। এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য জিনার উপস্থিতি তে বই বিতরণ কার্যক্রম শুরু হয়।

এ সময় কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান রেজা বলেন প্রধান মন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ কে শিক্ষাখাতে ব্যাপক উন্নয়ন ঘটিয়েছেন। সেই ধারাবাহিকতায় আজকে বছরের প্রথম দিনে এক যোগে সারা বাংলাদেশে সকল শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়েছেন। যার ফলে গরীব মেধাবী ছাত্র ছাত্রীদের পড়া শোনা করার সুযোগ পেয়েছেন। এ জন্য মাননীয় প্রধানমন্ত্রী কে ধন্যবাদ।

এ বিষয়ে কুতুবপুর স্কুল এন্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী মিফতিয়া জান্নাত বলেন বছরের প্রথম দিনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার বই পেয়ে আমরা অনেক খুশি। এই বই পেয়ে আমরা সকল বন্ধুরা মিলে একসাথে লেখাপড়া শুরু করতে পারবো। এবং আমার ক্লাসের সকলে মিলে পড়ায় মনোযোগ দিতে পারবো। প্রধান মন্ত্রী শেখ হাসিনা বই না দিলে হয়তো আমরা সবাই একসাথে লেখাপড়া করতে পারতাম না কারন সবার বই বই কেনার সামর্থ নেই। তাই প্রধান মন্ত্রী শেখ হাসিনা কে ধন্যবাদ।

এ পর্যায়ে সকল ছাত্র ছাত্রী নতুন বই পেয়ে আনন্দ উল্লাসে মুখরিত করে তোলে কুতুবপুর স্কুল এন্ড কলেজ ক্যাম্পাস যা উৎসবে পরিনত হয়েছে।

মেহেরপুরে কুতুবপুর স্কুল এন্ড কলেজে বই বিতরণ অনুষ্ঠান

সারাদেশের ন্যায় কুতুবপুর স্কুল এন্ড কলেজে ও বছরের প্রথম দিনেই ছাত্র ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ কর্মসূচি পালিত হয়েছে।

আজ রবিবার (১ জানুয়ারি) সারা বাংলাদেশের সকল প্রতিষ্ঠানে বছরের প্রথম দিনেই ছাত্র ছাত্রীদের হাতে নতুন বই তুলে দেওয়ার যে অঙ্গীকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করেছিলেন তার শতভাগ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের সকল মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষার্থী দের বই তুলে দিয়েছেন।